

# সম্পাদকীয় ভূমিকা

বর্তমান সংকলনে ধানের দাম, পহেলা বৈশাখের যৌন সন্ত্রাসের ঘটনার পরিপ্রেক্ষিতে সমাজের অসম ক্ষমতা, বাজেট, বহুজাতিক কোম্পানি কনোকো-ফিলিপসের অপকৌশল, গ্রিসের সংকট ও লড়াইসহ সমসাময়িক ঘটনাবলির বিশ্লেষণ নিয়ে গুরুত্বপূর্ণ লেখা ছাড়াও মানব পাচার ও বাংলাদেশে ভারতের অবস্থান বিষয়ে বিশেষ মনোযোগ দেওয়া হয়েছে। ৩০ জুন সাঁওতাল বিদ্রোহের বার্ষিকী এবং ২৬ আগস্ট ফুলবাড়ী গণ-অভ্যুত্থানের বার্ষিকী উপলক্ষে এ দুই বিষয়ে দুটি প্রবন্ধ সংযোজন করা হয়েছে।

বৈশ্বিক নিরাপত্তাকরণের অংশ হিসেবে বাংলাদেশে নিরাপত্তার নামে নানামুখী তৎপরতা গতিপ্রাপ্ত হয়েছে; জাল বিস্তৃত হচ্ছে। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণী প্রবন্ধ প্রকাশিত হলো এই সংখ্যায়। বাংলাদেশের মধ্যম আয়ের সীমায় প্রবেশ সম্পর্কিত প্রচারণা দিয়ে আড়াল করা হচ্ছে অনেক তিক্ত সত্য। ‘উন্নয়ন’ নামের আচ্ছন্নতা দিয়ে এবারও বাজেট উপস্থাপন করা হয়েছে। কিন্তু সর্বজনের স্বার্থে বাজেট বরাদ্দ বাড়ানি, বরং সর্বজনের সম্পদ কতিপয় ব্যক্তি ও গোষ্ঠীর কর্তৃত্বে নেওয়ার প্রক্রিয়া জোরদার করা হয়েছে। এ বিষয়ে অনেকগুলো ভ্রান্ত ধারণা খণ্ডন করা হয়েছে এ সংখ্যায় প্রকাশিত একটি প্রবন্ধে। দেশে ও বিদেশে ক্ষুদ্রঋণ নিয়ে উচ্ছ্বাসের জোর কমেছে অনেক, এখন সামাজিক ব্যবসার নানা আওয়াজ এবং পুরস্কারের কথা শোনা যাচ্ছে। এই পরিপ্রেক্ষিতে এ বিষয়ে একটি বিশ্লেষণ উপস্থিত করা হয়েছে এ সংখ্যায়। এ ছাড়া শ্রম আইন নিয়ে বিভিন্ন সরকারের অভিন্ন তৎপরতা তথ্যপ্রমাণ নিয়ে পর্যালোচনা করা হয়েছে একটি প্রবন্ধে।

সর্বজনকথার তৃতীয় সংকলন প্রকাশের পরপরই দেশে ও বিদেশে ‘মানব পাচার’ এবং ‘দাসশ্রম’ নিয়ে অনেক তথ্য প্রকাশিত হয়। দারিদ্র্য থেকে মুক্তির চেষ্টায় অসংখ্য মানুষ, আর তাদের জালিয়াতি ও প্রতারণার ফাঁদে ফেলে বিপুল মুনাফা অর্জনে তৎপর দেশ-বিদেশের ক্ষুদ্র গোষ্ঠী। মানুষের কেনাবেচা, তাদের নির্মম মৃত্যু, সমুদ্রে অসহায়ভাবে অনাহারী মানুষদের মৃত্যুর অপেক্ষা নিয়ে যখন খবর প্রকাশিত হচ্ছে, তখন দেশে এর জন্য দায়ী দুর্বৃত্তদের রক্ষায় চলেছে ক্রসফায়ার নাটক। প্রবাসী আয় বাংলাদেশের অর্থনীতিকে ধরে রাখার অন্যতম অবলম্বন, কিন্তু এর জন্য যে অসংখ্য মানুষের অমানুষিক জীবন তৈরি হচ্ছে, তারই খণ্ডচিত্র এগুলো। এগুলো বিচ্ছিন্ন ঘটনা বা শুধু এই সময়ের কিছু মানুষের বিপন্নতার বিষয় নয়; বহুদিন ধরে চলা এসব নির্মম তৎপরতা মূলধন সংবর্ধনের বৈশ্বিক প্রক্রিয়ার অংশ। বর্তমান সংখ্যায় আমরা এ বিষয়ে কয়েকটি প্রবন্ধ প্রকাশ করলাম। মালয়েশিয়ার শ্রমবাজার নিয়ে সে দেশের সমাজতন্ত্রী দলের নেতার সাক্ষাৎকার নেওয়া হয়েছিল সর্বজনকথার পঞ্চ থেকে, তা এই সঙ্গে প্রকাশিত হলো। নারী-পুরুষ পাচারের সাথে সাথে মানব অঙ্গ ও এখন ক্রমবর্ধমান হারে বিশ্ববাণিজ্যের ক্ষেত্রে পরিণত হচ্ছে। এর সঙ্গে এখানেও যুক্ত আছে মানুষের দারিদ্র্যের সুযোগ নিয়ে পাতা ভয়ংকর জালিয়াতি ও প্রতারণার ফাঁদ। দরিদ্র মানুষদের জীবন শুধু নয়, তার শরীরের অঙ্গ-প্রত্যঙ্গ ও এর মুনাফার টার্গেট। এ নিয়ে একটি গবেষণা প্রবন্ধও এই সংখ্যায় প্রকাশিত হলো।

বাংলাদেশে ভারতের প্রধানমন্ত্রীর সাম্প্রতিক সফরকালে মহিমাকীর্তনের ঢোলের আড়ালে বিভিন্ন চুক্তি ও সমঝোতা হয়েছে। এর মাধ্যমে বাংলাদেশকে ভারতকেন্দ্রিক সার্বভৌমত্বের ছাঁচে ফেলার আয়োজন একটি পরিষ্কার চিত্র পেতে যাচ্ছে। এ বিষয়ে কয়েকটি প্রবন্ধ এই সংখ্যার বিশেষ সংযোজন। আমরা ভারত রাষ্ট্র ও দক্ষিণ এশিয়ার জনগণের অভিন্ন লড়াই বিষয়ে অনুসন্ধান ও গবেষণামূলক আরো লেখা ভবিষ্যতে প্রকাশ করার আশা রাখি।

পরিকল্পনামতো অনেকগুলো বিভাগ এখনো শুরু করতে না পারলেও যথাসময়ে সর্বজনকথার চতুর্থ সংকলন প্রকাশ করতে পেরে আমরা আনন্দিত। বিজ্ঞাপন ছাড়া নিয়মিত জার্নাল প্রকাশ করা যে খুবই কঠিন, তা আমরা প্রতিনিয়ত টের পাচ্ছি। কিন্তু আমরা মনে করি, এই কঠিন পথ অতিক্রম করা আমাদের সবারই দায়িত্ব। বিদ্যমান চিন্তা ও রাজনীতির আধিপত্য মোকাবিলা করে সর্বজনের নতুন দুনিয়া নির্মাণের শক্তি বিকশিত করতে সহস্র উদ্যোগে আমাদের शामिल হতে হবে। যে মানুষেরা এই যাত্রায় যুক্ত হতে চান, তাঁরা নিশ্চয়ই সর্বজনকথারও সহযাত্রী। লেখা, পরামর্শ, বিভিন্ন লেখা নিয়ে মতামত, বিতর্ক, গ্রাহক সংগ্রহ, সর্বজনকথা বিতরণ, এককালীন সদস্য সংগ্রহ ইত্যাদিতে সকল বন্ধুকে সক্রিয় অংশ নেওয়ার আহ্বান জানাই।

সর্বজনকথা চতুর্থ সংকলন প্রকাশের এই মাসে আমরা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি ফুলবাড়ী আন্দোলনের শহীদ ও জখম মানুষদের। এখনো যঁারা রক্তে লেখা বিজয় ধরে রাখতে লড়াই জারি রেখেছেন, সেই অসংখ্য মানুষের প্রতি আমাদের অভিনন্দন। এ লড়াই আমাদের সাহস ও নিশানা।

সম্পাদকমণ্ডলী

আগস্ট ১, ২০১৫